

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৪৪২

আগরতলা, ৫ সেপ্টেম্বর, ২০২০

ত্রিপুরা জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার সম্ভাব্য তারিখ  
আগামী ২২ এবং ২৩ সেপ্টেম্বর : শিক্ষামন্ত্রী

ত্রিপুরা বোর্ড অব জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা, পলিটেকনিক ডিপ্লোমা এন্ট্রান্স পরীক্ষা সহ ল এন্ট্রান্স পরীক্ষা আয়োজনের জন্য সম্ভাব্য দিনক্ষণের অনুমোদন দিয়েছেন শিক্ষা সংক্রান্ত বিষয়ে গঠিত উচ্চ পর্যায়ের কমিটি। আজ মহাকরণের প্রেস কনফারেন্স হলে আয়োজিত সাংবাদিক সম্মেলনে শিক্ষামন্ত্রী রতনলাল নাথ এই সংবাদ জানান। তিনি জানান, শিক্ষাভবনে আজ আয়োজিত উচ্চ পর্যায়ের কমিটির বৈঠকে ত্রিপুরা জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা গ্রহণের জন্য আগামী ২২ এবং ২৩ সেপ্টেম্বর সম্ভাব্য তারিখ হিসাবে সুপারিশ করা হয়েছে। ৩,৮৬৯ জন পরীক্ষার্থী এই পরীক্ষায় বসবে। ৩০ সেপ্টেম্বর পলিটেকনিক ডিপ্লোমা এন্ট্রান্স পরীক্ষার সম্ভাব্য দিন হিসেবে সুপারিশ করা হয়েছে। ১২০০ জন পরীক্ষার্থী এই পরীক্ষায় বসবে। এজন্য ৬টি পরীক্ষা কেন্দ্র থাকবে। ল এন্ট্রান্স পরীক্ষা নেওয়ার সম্ভাব্য তারিখ ঠিক হয়েছে ৭ অক্টোবর। এতে ২টি পরীক্ষা কেন্দ্রে ৬১০ জন পরীক্ষার্থী অংশ নেবে। সবধরনের স্বাস্থ্যবিধি মেনে সংশ্লিষ্ট বোর্ডগুলি এই বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবে। পরীক্ষা কেন্দ্রে স্যানিটাইজার, মাস্ক, সাবান, টিস্যু পেপার, পানীয়জল, থার্মাল স্ক্রিনিং ব্যবস্থা রাখার জন্য বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়। এই উচ্চ পর্যায়ের কমিটির বৈঠকে শিক্ষামন্ত্রী ছাড়াও দুটি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যগণ, শিক্ষা সচিব সহ কমিটির অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন।

শিক্ষামন্ত্রী জানান, জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা (মেইন) ইঞ্জিনিয়ারিং-এর পরীক্ষা পয়লা সেপ্টেম্বর থেকে ২টি সেন্টারে শুরু হয়েছে। চলবে ৬ সেপ্টেম্বর পর্যন্ত। ৩,৩৭৯ জন পরীক্ষার্থী এতে অংশ নিয়েছে। নীট পরীক্ষা (মেডিক্যাল) ১৩ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে। ১১টি পরীক্ষা কেন্দ্রে ৪,১৫৭ জন পরীক্ষার্থী অংশ নেবে। আজকের উচ্চ পর্যায়ের কমিটির বৈঠকে রাজ্যের দুটি বিশ্ববিদ্যালয়ের অধীনে যেসকল কলেজগুলি রয়েছে, সেই কলেজগুলির শিক্ষার্থীদের ফাইনাল পরীক্ষা নেওয়ার বিষয়ে কলেজের অধ্যক্ষদের সাথে আলোচনা করার জন্য বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের বলা হয়েছে বলে শিক্ষামন্ত্রী জানান।

\*\*\*\*\*